রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ৮ জ্যৈষ্ঠ ১৪১৩/২২ মে ২০০৬

এস, আর, ও নং ৮২-আইন/২০০৬—Control of Essential Commodities Act, 1956 (E. P.Act 1 of 1956) এর section 3 (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই আদেশ গুড়, ইক্ষু, চিনি বা চিনিজাত দ্রব্য (উৎপাদন ও স্থানান্তর) নিয়ন্ত্রণ আদেশ, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) "আইন" অর্থ Control of Essential Commodities Act, 1956 (E. P. Act 1 of 1956);

(খ) "ইক্ষু এলাকা" অর্থ অনুচ্ছেদ ৩ এর অধীন ঘোষিত কোন ইক্ষু এলাকা;

(গ) "ইক্ষু মাড়াই যন্ত্রপাতি" অর্থ গুড় অথবা ইক্ষুর রস উৎপাদনের নিমিত্ত ব্যবহার্য যন্ত্রপাতি;

(ঘ) "গুড়" অর্থ গুড়, গুল, শাকার, রাব, লালচিনি, অস্বচ্ছ ও দানাবিহীন যে কোন ধরনের চিনি এবং ইক্ষুর রস স্ফুটন দ্বারা প্রস্তুত অন্য যে কোন আদি ও রূপান্তরযোগ্য গুড় এবং অনুরূপ পণ্যদ্রব্যও ইহার অন্তর্ভূক্ত হইবে;

(ঙ) "চিনি" অর্থ ইক্ষু হইতে উৎপাদিত শতকরা নব্বই ভাগ সুক্রোজযুক্ত যে কোন প্রকারের চিনি এবং যে কোন দানাদার চিনিও ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য : টাকা ২.০০

(চ) "চিনিকল" অর্থ বৈদ্যুতিক শক্তিসহযোগে বা হস্তচালিত অথবা অন্য কোন যান্ত্রিক উপায়ে পরিচালিত এমন একটি কারখানা বা কারখানার অংশ যেখানে চিনি বা চিনিজাত দ্রব্যাদি অথবা উভয় প্রকার দ্রব্যাদি উৎপাদন করা হয়;

(ছ) "চিনিকল কর্তৃপক্ষ" অর্থ—

(অ) সরকারী মালিকানাধীন কোন চিনিকলের ক্ষেত্রে, উহার ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা পরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা; এবং

(আ) বেসরকারী মালিকানাধীন চিনিকলের ক্ষেত্রে, উহার মালিক বা মালিকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা কর্মকর্তা;

(জ) "চিনিজাত দ্রব্য" অর্থ চিনি দ্বারা উৎপাদিত এইরূপ দ্রব্য যাহাতে ওজনভিত্তিক কমপক্ষে শতকরা পঁচিশ ভাগ চিনি অন্তর্ভুক্ত থাকিবে;

(ঝ) "নিয়ন্ত্রণকারী কর্মকর্তা" অর্থ অনুচ্ছেদ ৮ এর অধীন দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঞ) "হস্তচালিত মাড়াইকল" অর্থ বৈদ্যুতিক শক্তি ব্যতীত হস্ত বা অন্য কোনভাবে চালিত ইক্ষু মাড়াইকল এবং ইক্ষুর রস জাল দেওয়ার জন্য সাধারণভাবে ব্যবহার্য যে কোন ধরনের যন্ত্রপাতিও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **ইক্ষু এলাকা ঘোষণা।**—এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন এলাকাকে ইক্ষু এলাকা হিসাবে ঘোষণা করিতে পারিবে এবং উক্ত প্রজ্ঞাপনে সংশ্লিষ্ট ইক্ষু এলাকায় উৎপাদিত ইক্ষু মাড়াইয়ের নিমিত্ত চিনিকলসমূহের নাম নির্দিষ্ট করিতে হইবে।

৪। **ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদনের মেয়াদ ইত্যাদি।**—(১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রতি বৎসর প্রতিটি ইক্ষু এলাকার জন্য ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদনের মেয়াদ নির্ধারণ করিয়া দিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে নির্ধারিত মেয়াদের মধ্যে ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদন সমাপ্ত করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে নির্ধারিত মেয়াদে চিনিকল কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন ব্যক্তি কোন ইক্ষু এলাকায় গুড়, চিনি বা চিনিজাত দ্রব্য উৎপাদন করিতে পারিবে না।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, চিনিকল কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে এবং তৎকর্তৃক নির্ধারিত পরিমাণ ও শর্তে ইক্ষু মাড়াইয়ের জন্য নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট ইক্ষু এলাকার ইক্ষু চাষী বা মালিক শুধুমাত্র পারিবারিক ব্যবহারের প্রয়োজনে হস্তচালিত মাড়াইকল দ্বারা গুড় উৎপাদন করিতে পারিবেন।

৫। **ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদন শুরুর তারিখ ঘোষণা।**—সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রতি বৎসর কোন ইক্ষু এলাকায় অবস্থিত প্রতিটি চিনিকলের জন্য ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদন শুরুর তারিখ ঘোষণা করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার লিখিত আদেশ দ্বারা কোন চিনিকলকে এই বিধান হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। **ইক্ষু এলাকায় ইক্ষু ক্রয় সংক্রান্ত বিধান।**—(১) চিনিকল কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট ইক্ষু এলাকার ইক্ষু উৎপাদনকারী চাষী বা মালিকের নিকট হইতে ইক্ষু ক্রয় করিতে হইবে।

(২) যদি কোন চিনিকল কর্তৃপক্ষ উপ-অনুচ্ছেদ (১) এর বিধান মোতাবেক ইক্ষু ক্রয়ে অস্বীকৃতি জ্ঞাপন করেন তাহা হইলে ইক্ষু উৎপাদনকারী চাষী বা মালিক বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করিবেন এবং জেলা প্রশাসক কিংবা তৎকর্তৃক মনোনীত প্রতিনিধি বিষয়টি তদন্তক্রমে সত্যতা যাচাইপূর্বক সংশ্লিষ্ট চিনিকল কর্তৃপক্ষ সংক্ষুব্ধ ইক্ষু উৎপাদনকারী চাষী বা মালিকের নিকট হইতে নির্দিষ্ট পরিমাণ ইক্ষু ক্রয়ের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন জেলা প্রশাসক কিংবা তৎকর্তৃক মনোনীত প্রতিনিধির নির্দেশ সংশ্লিষ্ট চিনিকল কর্তৃপক্ষ মানিতে বাধ্য থাকিবে।

৭। **ইক্ষু এলাকায় ইক্ষু বা গুড়া-স্থানান্তরের ক্ষেত্রে বিধি নিষেধ।**—(১) ইক্ষু এলাকার কোন চিনিকল কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত কোন ব্যক্তি রেলপথ, সড়কপথ, নদীপথ বা অন্য কোন উপায়ে কোন ইক্ষু এলাকা হইতে অন্য কোন এলাকায় ইক্ষু বা গুড় প্রেরণ করিতে বা প্রেরণের ব্যবস্থা করিতে অথবা কোন ইক্ষু এলাকা বহির্ভূত স্থান হইতে উক্ত ইক্ষু এলাকায় ইক্ষু বা গুড় আনিতে বা আনিবার ব্যবস্থা করিতে পারিবে না।

(২) এই অনুচ্ছেদের কোন কিছুই কোন চিনিকল কর্তৃপক্ষের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৮। **নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ও তাহার ক্ষমতা, ইত্যাদি।**—(১) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার প্রয়োজনীয় সংখ্যক নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন দায়িত্বপ্রাপ্ত নিয়ন্ত্রণকারী কর্মকর্তা, যদি যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করেন যে—

(ক) এই আদেশের বিধানাবলী লংঘনপূর্বক ইক্ষু এলাকার কোন স্থান বা ভবনে কোন উপায়ে ইক্ষু, গুড়, চিনি বা চিনিজাত দ্রব্য উৎপাদন করা হইতেছে, তাহা হইলে তিনি উক্ত স্থান বা ভবনে অথবা উহার যে কোন প্রাঙ্গনে প্রবেশ করিয়া প্রয়োজনীয় অনুসন্ধান চালাইতে পারিবেন এবং সংশ্লিষ্ট ইক্ষু, গুড়, চিনি বা চিনিজাত দ্রব্য এবং ইক্ষু মাড়াই যন্ত্রপাতি আটক করিতে পারিবেন;

(খ) এই আদেশের বিধানাবলী লংঘনপূর্বক ইক্ষু এলাকায় কোন ইক্ষু মাড়াই যন্ত্রপাতি বা ইক্ষু মাড়াইকল আনা-নেওয়া হইতেছে, তাহা হইলে তিনি উক্তরূপ যন্ত্রপাতি বহনকারী যে কোন নৌ-যান, মোটরযান, দ্বি-চক্রযান, ট্রাক, বাস বা অন্য যে কোন ধরনের পরিবহনে অনুসন্ধান চালাইতে পারিবেন এবং প্রয়োজনে উক্ত পরিবহন আটক করিতে পারিবেন।

৯। **দন্ড।**—কোন ব্যক্তি বা চিনিকল কর্তৃপক্ষ যদি এই আদেশের কোন বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য উক্ত ব্যক্তি বা চিনিকল কর্তৃপক্ষ আইনের ধারা ৬(১) এবং ৬(২) এর বিধানানুযায়ী দন্ডনীয় হইবেন।

১০। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order, 1956, অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত সত্ত্বেও এই আদেশ কার্যকর হওয়ার অব্যবহিত পূর্বে উক্ত Order এর অধীন কোন কার্য বা কার্যধারা চলমান বা নিষ্পন্নাধীন থাকিলে, উক্ত কার্য বা কার্যধারা উক্ত Order এর বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে, যেন এই আদেশ জারী হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল আমীন
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।